যুগান্তর

তারিখ ... 21 MAY 2003
পৃষ্ঠা ... ১১ ... ৩

## ২৯ মে এইচএসসি পরীক্ষা শুরু

# কুমিল্লা বোর্ডে পরীক্ষার্থী ৪৮ হাজার

কুমিল্লা প্রতিনিধি

আগামী ২৯ মে থেকে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাধীন ৬টি জেলায় ৪৭ হাজার ৮১৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। মোট ১০৬টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেন্দ্রগুলোর মধ্যে ১২টি কেন্দ্রকে নকলপ্রবণ ঝুঁকিপূর্ণ কেন্দ্র হিসেবে চিহ্নিত করা হয়েছে। বোর্ডের পক্ষ থেকে ৫০টি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, মোট ৪৭ হাজার ৮১৩ জন পরীক্ষার্থীর মধ্যে পুরুষ ২৮ হাজার ১০৪ এবং মহিলা ১৯ হাজার ৭০৯ জন। বিভাগওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা- বিজ্ঞানে ১২ হাজার ৩২৩ জন- পুরুষ ৭ হাজার ২৮২, মহিলা ৫ হাজার ৪১ জন। মানবিকে ১৮ হাজার ২৩৪ জন- পুরুষ ৯ হাজার ২৮৩, মহিলা ৮ হাজার ৯৫১ জন। ব্যবসায় শিক্ষা বিভাগে ১৭ হাজার ২৫৬ জন- পুরুষ ১২ হাজার ১৮৩, মহিলা ৫ হাজার ৭৩ জন।

জেলাওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা : কুমিল্লায় ১৭ হাজার ৪৩২ জন- পুরুষ ১০ হাজার ১৭৫ ও মহিলা ৭ হাজার ২৫৭ জন। মোট কেন্দ্র ৩০টি। ব্রাহ্মণবাড়িয়ায় ৬ হাজার ৭২৮ জন- পুরুষ ৩ হাজার ৬৫১, মহিলা ৩ হাজার ৭৭ জন। কেন্দ্র ১৫টি। চাঁদপুরে ৫ হাজার ২৯২ জন- পুরুষ ৩ হাজার ১৪৭, মহিলা ২ হাজার ১৪৫ জন। কেন্দ্র ২১টি। নোয়াখালীতে ৮ হাজার ৪৯১ জন- পুরুষ ৫ হাজার ১৮২, মহিলা ৩ হাজার ৩০৯ জন। কেন্দ্র ১৪টি। লক্ষ্মীপুরে ৫ হাজার ১৪১ জন- পুরুষ ৩ হাজার ২৯৪, মহিলা ১ হাজার ৮৪৭ জন। কেন্দ্র ৮টি। ফেনীতে ৪ হাজার ৭২৯ জন- পুরুষ ২ হাজার ৬৫৫, মহিলা ২ হাজার ৭৪ জন। কেন্দ্র ১০টি।

কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতাধীন ৬টি জেলার ১২টি ঝুঁকিপূর্ণ কেন্দ্র হল- কুমিল্লায় তিনটি- নাঙ্গলকোট হাসান মেমোরিয়াল কলেজ, লাকসাম নীলাকান্ত কেন্দ্রের অধীন শাহ শরীফ কলেজের ভেন্যু কেন্দ্র সাতপুকুরিয়া উচ্চ বিদ্যালয় ও চৌদ্দগ্রাম গুণবতী কলেজ। নোয়াখালীর চারটি- বেগমগঞ্জ সোনাইমুড়ী কলেজ, বেগমগঞ্জ খলিলুর রহমান ডিগ্রি কলেজ, নোয়াখালী সদরের বাধেরহাট এএম কলেজ, নোয়াখালী সদরের সৈকত কলেজ। লক্ষ্মীপুরে দুটি- লক্ষ্মীপুর সদরের চন্দ্রগঞ্জ কফিলউদ্দিন কলেজ ও দত্তপাড়া কলেজ। ব্রাহ্মণবাড়িয়ার দুটি- কসবা টি. আলী কলেজ ও কসবার চারগাছ এনআই ভূঞা কলেজ। চাঁদপুরের একটি- হাজীগঞ্জ ডিগ্রি কলেজ।

পরীক্ষা অনুষ্ঠানে শিক্ষা বোর্ড সব কার্যক্রম ও প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণ করেছে। উত্তরপত্র, পরীক্ষা সংক্রান্ত নীতিমালা, সংশ্লিষ্ট ফরম, শিরোনামপত্র, স্মারকলিপি ইত্যাদি ২০ ও ২১ মে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তার কাছে হস্তান্তর করা হবে। আগামী ২৪ মে সব কেন্দ্রের চাহিদা অনুযায়ী ৬টি জেলার প্রশাসকের মধ্যে সিলগালাকৃত প্রশ্নপত্রের ট্রাস্ট বিল্ডি প্রেস থেকে হস্তান্তর করা হবে।